

"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

স্মারক নং-ধবিম/ শা:৩/৬-১৫/২০০৬. ২৭৭

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে **হক ইন্টারন্যাশনাল টুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৩৮৯)**, 61, Shahi Jame Masjid Super Market (South 1st Floor), Anderkilla, Chittagong-এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১-এ বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোহাম্মদ মুনির, স্বত্বাধিকারী, আল ইমাম হজ কাফেলা ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৬১৯) কর্তৃক নিম্নরূপ অভিযোগ দাখিল করা হয়েছে:

" অর্থ আত্মসাৎ এর অভিযোগ"; এবং

০৪। যেহেতু উক্ত অভিযোগটি তদন্তের নিমিত্ত গত ০৫.০৩.২০২৩ খ্রি. তারিখের ধবিম/ শা:৩/৬-১৫/২০০৬.২৩৮ নং স্মারক মূলে শুনানীর নোটিশ জারী করা হয়; এবং

০৫। যেহেতু উক্ত অভিযোগের বিষয় গত ০৭.০৩.২০২৩ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (হজ)-এর নিকট উপস্থিত হয়ে আপনি বক্তব্য পেশ করেছেন; এবং


০৬। যেহেতু, আপনার এবং অভিযোগকারীর বক্তব্যে আনীত অভিযোগ প্রমাণিত বলে প্রতীয়মান হয়েছে; এবং

০৭। যেহেতু আপনি ৭,১৯,০০০/- (সাত লক্ষ উনিশ হাজার) টাকার মালিক না হয়েও শুধুমাত্র হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) চট্টগ্রাম জোনের সচিব হওয়ার কারণে উক্ত টাকা আপনার জিম্মায় দেয়া হয়েছিল। আপনি সে টাকা হাব এর ব্যাংক হিসাবে জমা না দিয়ে নিজের কাছে রেখেছেন। আল ইমাম হজ কাফেলা ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৬১৯)-এর স্বত্বাধিকারী জনাব মোহাম্মদ মুনির-কে চেক দিলেও সেটি ডিজঅনার হয়। এ ধরনের কার্মকান্ড হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন ২০২১ এর ধারা ১২ (ঞ)(ঢ) এর অধীন অনিয়ম ও অসদাচরণ এর সামিল যা প্রশাসনিক ব্যবস্থা গ্রহণযোগ্য"; এবং

০৮। যেহেতু, উল্লিখিত কারণে জাতীয় হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন ২০২১ এর ধারা ১২-এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৯। সেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন ২০২১ এর ধারা ১৩(২) এর (ক) অনুযায়ী **হক ইন্টারন্যাশনাল টুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৩৮৯)** এর স্বত্বাধিকারী জনাব মাহমুদুল হাসান পেয়ারু কে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জরিমানা করা হ'ল। জরিমানাকৃত অর্থ সরকারের নির্ধারিত (১-৩৫০১-০০০১-১৯০১) খাতে/কোডে জমা দিয়ে চালানের মূল কপি হজ অনুবিভাগে দাখিল করবেন। একই সাথে ৭,১৯,০০০/- (সাত লক্ষ উনিশ হাজার) টাকা আগামী ১০ কার্যদিবসের মধ্যে পরিশোধ করে তার প্রমাণক হজ অনুবিভাগে দাখিল করবেন অন্যথায় এজেন্সির ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধ করার আদেশ দেয়া হ'ল। এ এজেন্সিতে কোন হজযাত্রী থাকলে তা সরকারের অভিপ্রায় অনুযায়ী স্থানান্তর করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১১১৯
mail:morahajsection@gmail.com


স্মারক নং-ধবিম/ শা:৩/৬-১৫/২০০৬. ২৭৭

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।

৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৭. জনাব মাহমুদুল হাসান পেয়ারু, স্বত্বাধীকারী, **হক ইন্টারন্যাশনাল টুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৩৮৯)**, 61, Shahi Jame Masjid Super Market (South 1st Floor), Anderkilla, Chittagong.
৮. জনাব মোহাম্মদ মুনির, স্বত্বাধীকারী, আল ইমাম হজ কাফেলা ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৬১৯), 8/A, Hossen Market (2nd Floor), Bahaddarhat Chandgawn, Chittagong.
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস কপি।


এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব